# নির্বাচন ঘিরে নতুন প্রতিপক্ষ খুঁজছেন নেতানিয়াহু: তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী



তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। ছবি: সংগৃহীত

ইসরায়েলের সঙ্গে সরাসরি সামরিক বা রাজনৈতিক সংঘাতে জড়ানোর প্রয়োজন দেখছে না তুরস্ক। তবে দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু অভ্যন্তরীণ রাজনৈতিক বাস্তবতার কারণে নতুন বিরোধী শক্তি বা শত্রু তৈরির চেষ্টা করছেন বলে মন্তব্য করেছেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান।

এক বক্তব্যে ফিদান বলেন, আঙ্কারা ও তেলআবিবের মধ্যে প্রকাশ্য সংঘাতের কোনো যৌক্তিক কারণ নেই। কিন্তু ইসরায়েলের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি এবং সরকারের বিভিন্ন পদক্ষেপ ভিন্ন ধরনের ইঙ্গিত দিচ্ছে।

তিনি বলেন, নির্বাচন যত ঘনিয়ে আসছে, নেতানিয়াহু ততই রাজনৈতিকভাবে নতুন প্রতিপক্ষ চিহ্নিত করার কৌশল গ্রহণ করছেন।

তবে এসব অভিযোগের পক্ষে নির্দিষ্ট কোনো তথ্য বা প্রমাণ উপস্থাপন করেননি তুর্কি পররাষ্ট্রমন্ত্রী।

বিশ্লেষকদের মতে, গাজা পরিস্থিতি, ফিলিস্তিন প্রশ্ন এবং মধ্যপ্রাচ্যের নিরাপত্তা ইস্যুতে দীর্ঘদিন ধরে তুরস্ক ও ইসরায়েলের মধ্যে মতবিরোধ রয়েছে। সাম্প্রতিক এই মন্তব্য দুই দেশের কূটনৈতিক সম্পর্ক নিয়ে নতুন আলোচনা ও জল্পনার জন্ম দিয়েছে।

LENS ASIA